আলীকদম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

আলীকদম সেনানিবাস, বান্দরবান

নিয়োগ বিজ্ঞপ্তি

১। **আলীকদম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের নাগরিকের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে:**

ক্র:	পদের নাম ও সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন-স্কেল
১।	সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা)- ০১টি (স্থায়ী পদ)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা সমমান বিপিএড ডিগ্রি, তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। (সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী এবং অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।)	গ্রেড-১০ (১৬,০০০.০০-৩৮,৬৪০.০০)
২।	সহকারী শিক্ষক (খন্ডকালীন): খ্রিষ্টান ধর্ম ও নৈতিক শিক্ষা	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ খ্রিষ্টান ধর্ম বিষয়ে পাঠদানে অভিজ্ঞতা এবং প্রাথমিক শাখায় পঠিত বিষয়ে পাঠদানের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ আবেদন করতে পারবেন।	**আলোচনা সাপেক্ষে** (পেশাগত দক্ষতা সাপেক্ষে স্থায়ী হওয়ার সুযোগ)

২। স্থায়ী নিয়োগ: স্থায়ী পদে নির্বাচিত প্রার্থীকে প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী বাড়িভাড়া, উৎসব ভাতা, পাহাড়ি ভাতা, নববর্ষ ভাতা, চিকিৎসা ভাতা, মোবাইল বিল, প্রভিডেন্ট ফান্ড ও গ্রাচুইটি সুবিধা প্রদান করা হবে।

৩। খন্ডকালীন নিয়োগ: খন্ডকালীন পদে নির্বাচিত প্রার্থীকে মূল বেতন এবং বিধি অনুযায়ী উৎসব ভাতা, ২০% নববর্ষ ভাতা ও মোবাইল বিল প্রদান করা হবে, তবে অন্যান্য সুবিধা/ভাতাদি প্রাপ্য হবেন না।

৪। আগ্রহী প্রার্থীদের আবেদনপত্রসহ পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট আকারের ছবিসহ ট্রাষ্ট ব্যাংকের যে কোন শাখা থেকে আলীকদম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, চলতি হিসাব নম্বর-০১১৬-০২১০০০০২১১ ট্রাষ্ট ব্যাংক, আলীকদম শাখা এর অনুকূলে উপরোক্ত ১নং পদের জন্য ৫০০ (পাঁচশত) টাকা এবং ০২ নং পদের জন্য ৩০০(তিনশত) টাকা করে জমা স্লিপের কপিসহ আগামী ৩০ নভেম্বর ২০২৬ ইং তারিখের মধ্যে নিম্নোক্ত ঠিকানায় ই-মেইল অথবা ডাকযোগে অধ্যক্ষ, আলীকদম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, আলীকদম সেনানিবাস বরাবর প্রেরণ করতে হবে। এছাড়াও ওয়েব সাইটে প্রবেশ করে e-Recruitment থেকে আবেদন করা যাবে। প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা ও মৌখিক সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য তারিখ ও সময় ফোন কল/এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। লিখিত পরীক্ষা ও মৌখিক সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না। মোবাইল: ০১৮৯৪৯৪৯৮১৫, Website: acpsc.edu.bd, E-mail: acpscrecruitment@gmail.com

অধ্যক্ষ